# জেএসসি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

বিষয় কোড: ১ ০ ২

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

মান—৩০

১. **সারাংশ লেখো:**

কোথা থেকে এসেছে আমাদের বাংলা ভাষা? ভাষা কি জন্ম নেয় মানুষের মতো? বা যেমন বীজ থেকে গাছ জন্মে তেমনভাবে জন্ম নেয় ভাষা? না, ভাষা মানুষ বা তরুর মতো জন্ম নেয় না। বাংলা ভাষাও মানুষ বা তরুর মতো জন্ম নেয়নি, কোনো কল্পিত স্বর্গ থেকেও আসেনি। এখন আমরা যে বাংলা ভাষা বলি এক হাজার বছর আগে তা ঠিক এমন ছিল না। সে ভাষায় এ দেশের মানুষ কথা বলত, গান গাইত, কবিতা বানাত। মানুষের মুখে মুখে বদলে যায় ভাষার ধ্বনি। রূপ বদলে যায় শব্দের, বদল ঘটে অর্থের। অনেক দিন কেটে গেলে মনে হয় ভাষাটি একটি নতুন ভাষা হয়ে উঠেছে। আর সে ভাষার বদল ঘটেই জন্ম হয়েছে বাংলা ভাষার। ৫

অথবা, **খ. সারমর্ম লেখো:**

নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি!
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগনললাট চুমে তব পদধূলি
ছায়াসুনিবিড় শান্তিরনীড় ছোট ছোট গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজল-নিশীথ শীতল স্নেহ।
বুক ভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে—

২. **যেকোনো একটি ভাবসম্প্রসারণ করো:** ৫

ক. বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

অথবা, খ. জ্ঞানহীন মানুষ পশুর সমান।

৩. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫

ক. অনুচ্ছেদ লেখো: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

অথবা, খ. **নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও:**

মানব সভ্যতার শত শত বছরের ইতিহাসের হৃদয়স্পন্দন সঞ্চিত থাকে বইঘরের বইয়ের ভাণ্ডারে। সাহিত্য, ইতিহাস, ধর্ম, দর্শন, বিজ্ঞান– এসবের এক বিশাল সংগ্রহশালা এই বইঘর। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়: 'এখানে ভাষা চুপ করিয়া আছে, প্রবাহ স্থির হইয়া আছে, মানবাত্মার অমর আলোকে কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে।' শঙ্খের মধ্যে যেমন সমুদ্রের শব্দ শোনা যায়, বইঘর বা পাঠাগারের মধ্যে তেমনি মানুষের হৃদয়ের উত্থান-পতনের ধ্বনি শোনা যায়। পাঠক এখানে স্পর্শ পায় সভ্যতার এক শাশ্বত ধারার, অনুভব করে মহাসমুদ্রের শত শত বছরের কল্লোল ধ্বনি, শুনতে পায় জগতের এক মহা-ঐকতানের সুর; সেখানে অবিরাম চলতে থাকে কত শত হৃদয়ের কথোপকথন। বইঘর বা লাইব্রেরি মানুষের অতীত, বর্তমান আর ভবিষ্যতের সেতুবন্ধন।

ক. 'শাশ্বত'; শব্দের অর্থ কী? ১

খ. 'বিশাল' শব্দের দুটি সমার্থক শব্দ লেখো। ১

গ. 'কথোপকথন' শব্দটির সন্ধি-বিচ্ছেদ করো। ১

ঘ. '... মানবাত্মার অমর আলোকে কালো অক্ষরের শৃঙ্খলে কাগজের কারাগারে বাঁধা পড়িয়া আছে।'– বাক্যটিকে চলিত ভাষার রূপান্তর করে দেখাও। ১

ঙ. দুটি বাক্যের মাধ্যমে বইঘরের প্রয়োজনীয়তার কথা তুলে ধরো। ১

teachingbd.com

৪. ক. কক্সবাজার সমুদ্র সৈকতের বর্ণনা দিয়ে তোমার প্রবাসী বন্ধুকে একটি পত্র লেখো। ৫

অথবা, খ. তোমার এলাকায় বিদ্যুৎ বিভ্রাট ঘটার আশু প্রতিকার চেয়ে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র রচনা করো।

৫. **যেকোনো একটি বিষয়ে রচনা লেখো:** ১০

ক. বাংলা নববর্ষ [ভূমিকা, নববর্ষের পরিচয়, নববর্ষের ইতিহাস, নববর্ষের গুরুত্ব, বর্ষবরণ, শহর ও গ্রামে নববর্ষ উদ্‌যাপন, নববর্ষ উদ্‌যাপনের বৈশিষ্ট্য, উপসংহার]

খ. একটি শীতের সকাল [সূচনা, সূর্যোদয়ের পূর্বের শীতের সকাল, শীতের সকালের রূপ, শীতের সকালের বৈরাগ্য মূর্তি, ত্যাগের মূর্তি, রূপ-বদল, শহরের শীতের সকাল, উপসংহার]

গ. পরিবেশ সংরক্ষণে বনায়ন [সূচনা, বৃক্ষের প্রয়োজনীয়তা, বৃক্ষরোপণ অভিযান, বৃক্ষ সংরক্ষণ, বৃক্ষ সংরক্ষণে পালনীয় ব্যবস্থাদি, উপসংহার]

সময় — ২০ মিনিট পূর্ণমান — ২০

## বাংলা দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. **কোনটি পুরোঘটিত অতীতকালের উদাহরণ?**
ক) কত কথাই না শুনলাম
খ) দিন কেটে যাচ্ছিল কোনো রকমে
গ) দিন যায়, কথা থাকে
ঘ) সেবার তাকে সুস্থই দেখেছিলাম

২. **অনীল শব্দটি কীভাবে গঠিত হয়েছে?**
ক) বিভক্তিযোগে খ) উপসর্গযোগে
গ) প্রত্যয়যোগে ঘ) সন্ধিযোগে

৩. **প্রত্যয় যুক্ত হয় শব্দ বা ধাতুর—**
ক) পূর্বে খ) পরে
গ) মাঝে ঘ) আলাদা

৪. **'লাল লাল' শব্দটি গঠিত হয়েছে—**
ক) সমাসযোগে খ) প্রত্যয়যোগে
গ) দ্বিরুক্তিযোগে ঘ) উপসর্গযোগে

৫. **এক জাতীয় একাধিক পদ পর পর থাকলে পদগুলোর পরে কী বসে?**
ক) হাইফেন খ) ড্যাশ
গ) কমা ঘ) কোলন

৬. **নিচের কোন শব্দটি শুধু পুরুষবাচক হয়?**
ক) ত্রয়ো খ) স্ত্রৈণ
গ) দাই ঘ) দাস

৭. **ভাষার প্রাণ কী?**
ক) শব্দ খ) বাক্য
গ) অর্থ ঘ) অর্থপূর্ণ ধ্বনি

৮. **কোন অঞ্চলের মানুষের অন্যতম প্রশাসনিক ভাষা বাংলা?**
ক) আসাম খ) বিহার
গ) গুজরাট ঘ) পাঞ্জাব

৯. **ভিন্ন শব্দ যোগে লিঙ্গান্তর হয়েছে কোনটি?**
ক) সাহেব-বিবি খ) বোনপো-বোনঝি
গ) দাস-দাসী ঘ) নবীন-নবীনা

১০. **কোনটি সঠিক বহুবচন?**
ক) পুষ্পাবলি খ) পুষ্পগুলো
গ) পুষ্পরাশি ঘ) পুষ্পদাম

১১. **বিদেশি ধাতু যোগে গঠিত শব্দ কোনটি?**
ক) আঁক খ) জমাট
গ) হাসি ঘ) হাস্য

১২. **শব্দের শেষে আ প্রত্যয় যোগ গঠিত স্ত্রীবাচক শব্দ হলো—**
ক) আধুনিক খ) নায়িকা
গ) অধ্যাপিকা ঘ) শিক্ষিকা

১৩. **নিচের কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?**
ক) সেলিম বাড়ি যায় খ) স্বপন চিঠি পড়ছে
গ) সাপুড়ে সাপ খেলায় ঘ) যে পাস করে গেল

১৪. **ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া যায়— কী কী?**
ক) মৌলিক ধাতু ও সিদ্ধ ধাতু
খ) ক্রিয়ামূল ও ক্রিয়া বিভক্তি
গ) গম ও পঠ ধাতু
ঘ) স্বয়ং সিদ্ধ ও মৌলিক ধাতু

১৫. **কোনটির নাম ধাতু?**
ক) ঘুম + আ খ) কৃ + তব্য
গ) খেল + এ ঘ) নাচ্‌ + আ

১৬. **উচ্চারণ স্থান অনুযায়ী কোনগুলো তালব্য বর্ণ?**
ক) ক, খ, গ খ) চ, ছ, ঝ
গ) ট, ঠ, ড ঘ) প, ফ, ব

১৭. **কোন শব্দটিতে এ ধ্বনির বিবৃত উচ্চারণ ঘটে?**
ক) কে খ) বেলুন
গ) কেশব ঘ) খেলা

১৮. **ঞ + চ এর সমন্বয়ে গঠিত যুক্তবর্ণের শব্দ হলো—**
ক) ব্যঞ্জন খ) তৃষ্ণ
গ) অঞ্চল ঘ) যজ্ঞ

১৯. **সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক) শির + পীড়া = শিরঃপীড়া
খ) বহি + পীড়া = বহিপীড়া
গ) নিঃ + ফল = নিষ্ফল
ঘ) ভা + কর = ভাস্কর

২০. **'প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা' কথাটি সংবিধানের কোন অংশে লেখা আছে?**
ক) দ্বিতীয় ভাগের প্রথম অনুচ্ছেদ
খ) প্রথম ভাগের দ্বিতীয় অনুচ্ছেদ
গ) প্রথম ভাগের তৃতীয় অনুচ্ছেদ
ঘ) তৃতীয় ভাগের দ্বিতীয় অনুচ্ছেদ

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | | | | | | | | | | | | | | | | | | | | |

http://teachingbd.com